13. On receipt of the entire sale consideration, the Authorized Officer shall issue the Sale Certificate as per rules.
14. All expenses relating to stamp duty and registration of Sale Certificate/ conveyance, if any, shall be borne by the successful bidder.
15. The Authorized Officer of the Bank shall not be responsible for any charge, lien, encumbrances, or any other dues to the Government or anyone else in respect of properties (E-Auctioned) not known to the bank. The Intending Bidder is advised to make their own independent inquiries regarding the encumbrances on the property including statutory liabilities, arrears of property tax, electricity dues etc.
16. Due to any administrative exigencies, necessitating change in date and time of e-Auction sale will be intimated through the service provider at the registered email addresses or through SMS on the mobile number/email address given by them/registered with the service provider.
17. The Authorized Officer has the absolute right to accept or reject any bid or adjourn/postpone/cancel the sale without assigning any reason thereof. It may be noted that nothing in this notice constitute or deemed to constitute any commitment or representation on the part of the bank to sell the property.
18. It shall be the responsibility of the bidders to inspect and satisfy themselves about the asset and specification before submiting the bid. The bidder inspect the property in consultation with the dealing official as per the details provide.
19. The bidder should ensure proper internet connectivity, power back-up etc. The Bank shall not be liable for any disrupion due to internet failure, power failure or technical reasons or reasons/contingencies affecting the e-auctions.
20. For inspection of the property/ies, the intending bidders may contact Respective Branches of UCO Bank, during office hours on 15.12.2020 & 29.12.2020.
21. This is also a 30 days notice for Sl.NO. 1 to 11 and 15 days notice for Sl.No. 12 to 15 to the borrowers/guarantors/mortgagors of the above said loan about holding of this sale on the above mentioned date.
22. The above properties/assets shall be sold on **"AS IS WHERE IS BASIS, AS IS WHAT IS BASIS " and WITHOUT ANY RECOURSE BASIS '.** The intending bidder should make their own inquiries regarding any statutory liabilities, arrears of Property Tax, Electricity dues etc. relating to the above properties by themselves before participating in the Auction Sale process. and Bank is not liable to pay any dues before or post auction.
23. Particulars specified in schedule above have been stated to the best of the information of the Authorized Officer/Bank. Authorized Officer and / or Bank will not be answerable for any error, misstatement or omission in this public notice

Date : 28.11.2020 Place : Kolkata **Authorised Officer, UCO, ZO, Kolkata**

দেশের মধ্যে ৭৭% সক্রিয় রোগী বাংলা-সহ ১০টি রাজ্যে, সুপ্রিম কোর্টকে জানাল কেন্দ্র

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: দেশের মধ্যে ৭৭% সক্রিয় করোনা রোগী আছে বাংলা-সহ ১০টি রাজ্যে। শুক্রবার সুপ্রিম কোর্ট একথা জানাল কেন্দ্র। বাংলা ছাড়া বাকি ৯ রাজ্য যেখানে সক্রিয় রোগীর সংখ্যা বেশি হল—মহারাষ্ট্র, কেরালা, দিল্লি, কর্নাটক, উত্তর প্রদেশ, রাজস্থান, ছত্তিশগড়, হরিয়ানা আর অন্ধ্র প্রদেশ। সবচেয়ে বেশি (১৮.৯%) সক্রিয় রোগী পাওয়া গেছে মহারাষ্ট্রে। কেরালা আর দিল্লিতে সক্রিয় করোনা রোগীর সংখ্যা যথাক্রমে ১৪.৭% আর ৮.৫%। পশ্চিমবঙ্গে আর কর্নাটকে ৫.৭% ও ৫.৬% সক্রিয় রোগী পাওয়া গেছে। কেন্দ্র শীর্ষ আদালতকে শুক্রবার আরো জানিয়েছে, করোনার সংক্রমণ রুখতে প্রত্যেক দিন ১১ লাখ করে নমুনা পরীক্ষা করা হচ্ছে।

শুক্রবার সুপ্রিম কোর্টে দাখিল করা হলফনামায় রাজধানীতে ক্রমশ করোনা পরিস্থিতি খারাপ হওয়ার জন্য অরবিন্দ কেজরিওয়ালের নেতৃত্বাধীন দিল্লি সরকারকে দায়ী করেছে কেন্দ্রীয় সরকার। সুপ্রিম কোর্টে দাখিল করা হলফনামায় কেন্দ্র জানিয়েছে, করোনা রুখতে দিল্লি সরকার ঢিলেমি দিয়েছে। সংক্রমণ যখন ক্রমশ বাড়ছে তখন দিল্লি প্রশাসন কড়া ব্যবস্থা না নিয়ে কর্তব্যে গাফিলতি করেছে। হাসপাতালের চিকিৎসা পরিকাঠামো বাড়ানোর চেষ্টা করেনি। দীর্ঘদিন ধরে দিল্লিতে দৈনিক ২০ হাজার আরটি-পিসিআর নমুনা পরীক্ষা চালিয়ে গেছে। নমুনা পরীক্ষা বিশেষ করে আরটি-পিসিআর বাড়ানোর কোনো চেষ্টাই করেনি। স্বাস্থ্যমন্ত্রকের নির্দেশমতো বাড়ি বাড়ি রোগী নির্ণয়, কনট্যাক্ট ট্রেসিং, কোয়ারেন্টাইন ও ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট ঠিকমতো করেনি দিল্লি সরকার। বাড়িতে নিভৃতবাসে থাকা করোনা রোগীদের ঠিকমতো চিহ্নিত করা হয়নি।' সুপ্রিম কোর্টের বিচারপতি অশোক ভূষণের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চের স্বতঃপ্রণোদিত ভাবে দায়ের করা জনস্বার্থ মামলার পরিপ্রেক্ষিতে এদিন হলফনামা দাখিল করেছে কেন্দ্র। এদিকে, পশ্চিমবঙ্গ, মহারাষ্ট্র, কেরালা, দিল্লি, রাজস্থান, উত্তর প্রদেশ, কর্নাটক আর ছত্তিশগড়ে দেশের ৭০% সক্রিয় করোনা রোগীর খোঁজ মিলেছে বলে শুক্রবারই জানিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক। এছাড়া মহারাষ্ট্র, কর্নাটক, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ, উত্তর প্রদেশ, অন্ধ্র প্রদেশ, পঞ্জাব, গুজরাত, মধ্য প্রদেশ আর দিল্লিতে মোট মৃত্যুর ৮৩.৭০% ঘটেছে। শুক্রবার দেশে সক্রিয় করোনা রোগীর সংখ্যা ৪,৫৫,৫৫৫, মোট আক্রান্তের ৪.৮৯%। গত ২৪ ঘণ্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ৪৩,০৮২ জন। সুস্থতার হার বেড়ে হয়েছে ৯৩.৬৪%। একদিনে ৪৯২ জনের মৃত্যু হয়েছে করোনায়। এরমধ্যে ৭৫.২০% মৃত্যু হয়েছে ১০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি (৯১) মৃত্যু হয়েছে দিল্লিতে। মহারাষ্ট্রে ৬৫ আর বাংলায় ৫২ জনের মৃত্যু হয়েছে একদিনে।

কোর্টের রায়ে স্বস্তিতে টেট পরীক্ষার্থীরা

রুশি পাঁজা

কলকাতা: কলকাতা হাই কোর্টের শুক্রবারের এক রায় স্বস্তিতে ২০১৪ সালের টেট উত্তীর্ণ পরীক্ষার্থীদের একাংশ। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য এক আদেশে জানান, নতুন নিয়োগ প্রক্রিয়ায় ২০১৪ সালের মামলাকারী পরীক্ষার্থীদের নথি প্রাথমিক শিক্ষা পর্ষদকে যাচাইয়ের জন্য নিতে হবে। অনলাইনে জমা নিতে অসুবিধা হলে নথি সরাসরি জমা নিতে হবে। রাজ্যের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় শূন্যপদে শিক্ষক নিয়োগ করতে রাজ্য সরকার সম্প্রতি বিজ্ঞপ্তি জারি করেছে। ওই বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে উত্তর ২৪ পরগনার ২০১৪ সালের টেট উত্তীর্ণ প্রার্থী পায়েল বাগ-সহ কয়েকজন হাই কোর্টে মামলা করেন। মামলাকারীদের বক্তব্য, ২০১৪ সালে টেট পরীক্ষার বিজ্ঞপ্তি ও পরের বছর লিখিত পরীক্ষা হয়। সেই পরীক্ষার একাধিক মামলা এখনো হাই কোর্টে বিচারাধীন। টেট পরীক্ষায় ৬টি প্রশ্নপত্র ভুল ছিল। আদালত প্রাথমিক শিক্ষা পর্ষদকে আদেশ দিয়েছিল, যাঁরা এই প্রশ্নগুলির উত্তর লিখেছেন, তাঁদের পুরো নম্বর দিতে হবে। যাঁরা নিয়োগপত্র পাওয়ার যোগ্য তাঁদের বিষয়টিও দেখতে হবে। কিন্তু আদালতের সেই রায়কে এখনো মান্যতা দেয়নি পর্ষদ। এছাড়া ২০১৪ সালের টেটকে ঘিরে এখনো একগুচ্ছ মামলা বিচারাধীন। ফলে এসবের মধ্যে সরকারের ফের শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি অসাংবিধানিক।

রাজনীতির ঊর্ধ্বে উঠে কোভিড নিয়ন্ত্রণের হুকুম সুপ্রিম কোর্টের

■ কোভিড হাসপাতালে অগ্নিকাণ্ডের পর রোগীদের বের করে আনা হচ্ছে। রাজকোট। শুক্রবার —পিটিআই

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : রাজ্যগুলিকে রাজনীতির ঊর্ধ্বে উঠে করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে উঠে পড়ে লাগতে হুকুম করল সুপ্রিম কোর্ট। আদালতের পর্যবেক্ষণ দেশের করোনা পরিস্থিতি খারাপ থেকে ক্রমশই অত্যন্ত খারাপ জায়গায় পৌঁছে যাচ্ছে। আর এখনো দেশের করোনার প্রতিষেধক পরীক্ষা নিরীক্ষার স্তরেই রয়েছে। এই অবস্থায় রাজ্যগুলি অবিলম্বে উপযুক্ত ও কঠোর ব্যবস্থা গ্রহণ না করলে আগামী দিন আরো ভয়াবহ হতে চলেছে। গুজরাতের রাজকোটে কোভিড হাসপাতালে আগুন লাগার ঘটনায় স্বতঃপ্রণোদিত হয়ে মামলা করেছে সুপ্রিম কোর্ট। তারই শুনানিতে শুক্রবার একথা বলে শীর্ষ আদালত।

গুজরাতের রাজকোটের একটি কোভিড হাসপাতালে বৃহস্পতিবার গভীর রাতে আগুন লাগার ঘটনায় হাসপাতালের আইসিইউ বিভাগে থাকা ৬ জন করোনা রোগীর মৃত্যু হয়েছে। সেপ্রসঙ্গই উত্থাপন করে সুপ্রিম কোর্টের ৩ বিচারপতির বেঞ্চ বলে, 'এই ধরনের ঘটনা এই প্রথম ঘটল এমন নয়। এর আগেও কোভিড হাসপাতালে আগুন লেগে রোগীর মৃত্যু হয়েছে। গুজরাতেরই আমেদাবাদে এর আগে বহু কোভিড রোগীর মৃত্যু হয় এই হাসপাতালে অগ্নিকাণ্ডের ঘটনায়। অন্ধ্র প্রদেশেও একই ঘটনা ঘটেছে। কিন্তু, তারপরও কেন রাজ্যগুলি ও প্রশাসন এব্যাপারে সতর্ক হয়নি। অগ্নিকাণ্ড যাতে ভবিষ্যতে না ঘটে সেব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেয়নি, সেটাই অবাক হওয়ার বিষয়।' এব্যাপারে সুপ্রিম কোর্টের বিচারপতি অশোক ভূষণের নেতৃত্বাধীন ৩ বিচারপতির বেঞ্চ এই ঘটনায় গুজরাত সরকারের প্রতিক্রিয়া জানাতে বলেছে। আগামী মঙ্গলবার মামলাটির পরবর্তী শুনানির দিন আগুন লাগার ঘটনায় গুজরাত সরকারের বক্তব্য শুনবে আদালত। তবে সুপ্রিম কোর্ট আগেই জানিয়ে দিয়েছে, সমস্যা সংক্রান্ত আরো একটা নতুন রিপোর্ট হাতে চায় না তারা। তার বদলে তারা চায় কেন্দ্র বিষয়টির মূলে গিয়ে খতিয়ে দেখুক। কোভিড হাসাপাতালগুলিতে এই ধরনের ঘটনা বার বার ঘটার আসল কারণ কী। এর পাশাপাশি কেন্দ্রকে করোনা সংক্রান্ত কেন্দ্রীয় নির্দেশিকা যাতে অক্ষরে অক্ষরে কঠোরভাবে পালন করা হয়, তাও নিশ্চিত করতে বলেছে আদালত।সুপ্রিম কোর্টের ৩ বিচারপতির বেঞ্চে এদিন ছিলেন বিচারপতি আরএস রেড্ডি ও এমআর শাহ। তাঁরা বলেন, 'উৎসবের মরশুমে আমরা প্রত্যেকদিনই দেখতে পাচ্ছি, রাজ্যে রাজ্যে উৎসব পালন হচ্ছে, ভিড় করে মিছিল বের হচ্ছে। ৬০ শতাংশ দেশবাসীর মুখে মাস্ক নেই। ৩০ শতাংশের মাস্ক গলায় ঝোলানো রয়েছে। এখনো যদি বোধোদয় না হয়, যদি এই সব দায়িত্বজ্ঞানহীন বিষয় রুখতে কড়া পদক্ষেপ না করা হয়, তবে কেন্দ্রের এতদিনের সব চেষ্টাই বিফলে যাবে। সুপ্রিম কোর্ট বলে, রাজ্যগুলিকে রাজনীতির ঊর্ধ্বে উঠতে হবে। কেন্দ্র বহু নির্দেশিকা জারি করেছে। কিন্তু, তার সঠিক প্রয়োগ হচ্ছে কই। এটা ভুললে চলবে না যে এখনো আমাদের হাতে ওষুধ এসে পৌঁছোয়নি। এর মধ্যে দৈহিক দূরত্ব বজায় রাখার কথা আমরা ভুলতে বসেছি। প্রশাসনকে যেকোনো ধরনের জমায়েত এড়াতে সচেষ্ট হতে হবে।

আইনজীবীদের শুনানিতে সশরীরে হাজিরার অনুমতি

আদালত সংবাদদাতা, কলকাতা: করোনা পরিস্থিতির মধ্যে সম্প্রতি মেট্রোরেল ও লোকাল ট্রেন পরিষেবা স্বাভাবিক হয়েছে। এই পরিস্থিতিতে রাজ্যের সব জেলা আদালত ও কলকাতা হাই কোর্টে আইনজীবীদের আংশিক হাজিরার ক্ষেত্রে আপাতত সবুজ সঙ্কেত দিয়েছে হাই কোর্টের কোভিড কমিটি। সব জেলা কোর্ট ও হাই কোর্টে সশরীরে আইনজীবীরা আসতে পারবেন চূড়ান্ত শুনানির দিন। বাকি দিন অনলাইনে মামলার শুনানি যেমন চলছে তেমনই আপাতত চলবে। পাশাপাশি, কলকাতা হাই কোর্টে আগামী ৭ ডিসেম্বর থেকে বিচারপতিরা তাঁদের এজলাসে বসতে চলেছেন। প্রথমার্ধে এখন আদালতের কাজকর্ম চলবে সকাল পৌনে ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত আর দ্বিতীয়ার্ধে দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। করোনার সংক্রমণ রুখতে এখন আদালতকক্ষে ভিড় জমানো চলবে না। ভিড় হলে বিচারপতিরা প্রয়োজনে আদালতের কাজ বন্ধ রাখতে পারবেন। হাই কোর্টের করিডরে ভিড় করা চলবে না। এমনকী, সেরেস্তাও বসানোও চলবে না। তবে হাই কোর্টের বারে ৪০% আইনজীবী একসঙ্গে বসতে পারবেন।

দেশে সংক্রমণ ছাড়াল ৯৩ লাখ আক্রান্ত বাড়ছে পশ্চিমবঙ্গেও

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : দেশের করোনা সংক্রমণ ৯৩ লাখ ছাড়াল শুক্রবার। তবে তার মধ্যে পশ্চিমবঙ্গের সংক্রমণ পরিসংখ্যান ভাবিয়ে তুলেছে বিশেষজ্ঞদের। এদিন পশ্চিমবঙ্গের মোট সংক্রমণ সংখ্যা ৪ লাখ ৭০ হাজার ছাড়িয়েছে। মোট মৃত্যু সংখ্যা দাঁড়িয়েছে ৮২২৪ জন। মৃত্যুর নিরিখে উত্তরপ্রদেশকে আগেই ছাড়িয়ে গিয়েছিল পশ্চিমবঙ্গ। খুব শীঘ্রই সেই সংখ্যা দিল্লিকেও ছাড়িয়ে যাবে বলে আশঙ্কা করছে বিশেষজ্ঞরা। দৈনিক মৃত্যুর সংখ্যায় ধারাবাহিক ভাবে গত কয়েক সপ্তাহ ধরে তিন নম্বর স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। প্রতিদিনই গড়ে ৫০৫২ জনের করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হচ্ছে পশ্চিমবঙ্গে। অন্যদিকে, মোট সংক্রমণের সংখ্যাতেও খুব শীঘ্রই পশ্চিমবঙ্গ অষ্টম রাজ্য হিসাবে পাঁচ লাখ ছাড়াবে বলে উদ্বেগ প্রকাশ করেছেন বিশেষজ্ঞরা। একই অবস্থা দিল্লিরও। তৃতীয় দফার সংক্রমণ জোয়ারের বড় ধাক্কা পেরোলেও এখনও করোনা সংক্রমণের সংখ্যা বিশেষ কমেনি দিল্লিতে। এখনও ৩৮,৭৩৪ জন সক্রিয় রোগী রয়েছে রাজধানীতে। সক্রিয় রোগীর ভিত্তিতে দেশে এখন তৃতীয় দিল্লি। তার আগে রয়েছে মহারাষ্ট্র ও কেরালা। এই বিভাগে দিল্লির পরেই রয়েছে রাজস্থান,উত্তর প্রদেশ, কর্নাটক ও পশ্চিমবঙ্গ। রাজস্থানে ২৭ হাজার ছাড়িয়েছে সক্রিয় রোগীর সংখ্যা বাকি তিন রাজ্যেই সক্রিয় রোগীর সংখ্যা ২৫ হাজারের আশপাশে। ছত্তিশগড়ে ২৩ হাজার ছাড়িয়েছে সক্রিয় রোগীর সংখ্যা। হরিয়ানায় এখনও ২০ হাজারের ঘরেই। এদিকে শুক্রবার দিল্লি সরকারকে দিল্লি হাই কোর্ট স্পষ্ট নির্দেশ দিয়ে জানিয়েছে, দিল্লিতে রাত্রিকালীন কার্ফু জারি করার ব্যাপারে অবিলম্বে সিদ্ধান্ত নিতে। কোর্ট বলে এই নিয়ম গোটা দিল্লিতেই জারি হবে নাকি দিল্লির কিছু কিছু অংশে সেই সিদ্ধান্ত পরে ঠিক করবেন কিন্তু, তার আগে রাত্রিকালীন কার্ফুর ব্যাপারে আর সময় নষ্ট না দ্রুত করে সিদ্ধান্ত চূড়ান্ত করুন। দিল্লি সরকারের কাছে করেনা মোকাবিলার জন্য নেওয়া ব্যবস্থা নিয়ে প্রশ্ন করেছিল কোর্ট। তার জবাবে শুক্রবার একটি স্ট্যাটাস রিপোর্ট পেশ করেছে তারা। সেখানে জানিয়েছে, করেনা মোকাবিলার জন্য নেওয়া বিভিন্ন পদক্ষেপের মধ্যে তারা হাসপাতাল গুলিতে আইসিইউ শয্যার সংখ্যা বাড়িয়েছে। সেই সঙ্গে করোনা রোগীদের জন্য আরও বেশি করে নিশ্বাস প্রশ্বাসে সাহায্য কারী যন্ত্রপাতির সংখ্যা বাড়িয়েছে। এদিকে শুক্রবারও দেশের সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে। দৈনিক সংক্রমণের সংখ্যা এদিনও ছিল ৪০ হাজারের ঘরেই। গত ২৪ ঘণ্টায় সংক্রমিত হয়েছেন ৪৩,০৮২ জন। সুস্থ হয়েছেন তার চেয়ে কম সংখ্যক মানুষ। ৩৯,৩৭৯ জন। সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে এদিনও। দেশে এই মুহূর্তে ৪,৫৫,৫৫৫ জন সক্রিয় রোগী রয়েছেন। গত ২৪ ঘণ্টায় দেশে মারা গিয়েছেন ৪৯২ জন। ফলে দেশের মোট মৃত্যুর সংখ্যা এখন দাঁড়াল ১,৩৫,৭১৫ জন।

দেশে মোট আক্রান্ত
৯৩,০৯,৭৮৭
দেশে মোট সুস্থ
৮৭,১৮,৫১৭
দেশে মোট মৃত
১,৩৫,৭১৫

হাই কোর্টে বিএমসি'র বিরুদ্ধে জয় কঙ্গনার, পাবেন ক্ষতিপূরণও

মুম্বই: শিবসেনা বনাম কঙ্গনা রানাওয়াত যুদ্ধে শেষমেষ জয়ী হলেন কঙ্গনাই। শুক্রবার বম্বে হাই কোর্ট স্পষ্ট করে জানিয়ে দিল, পালি হিলে কঙ্গনা রানাওয়াতের অফিস ভাঙার ঘটনা আইনের চোখে স্পষ্টতই একটি অত্যন্ত বিদ্বেষপূর্ণ পদক্ষেপ। সোজা কথায়, ইচ্ছাকৃত ক্ষতিসাধনের চেষ্টা। আর তাই বৃহন্মুম্বই কর্পোরেশন (বিএমসি)'এর তরফে দেওয়া বাংলো ভাঙার নোটিস শুক্রবার খারিজ করে দিল বম্বে হাই কোর্ট। সেই সঙ্গে একথাও জানাল, আইন না মেনে অফিস ভাঙার জন্য ক্ষতিপূরণ পাবেন কঙ্গনা। গত সেপ্টেম্বরে বেআইনি নির্মাণের অভিযোগে কঙ্গনার পালি হিলের বাংলোটি ভাঙার নোটিস দেয় বৃহন্মুম্বই কর্পোরেশন। পালটা সেই নোটিসকে চ্যালেঞ্জ করে আদালতের দ্বারস্থ হন অভিনেত্রী। যদিও তার আগেই কঙ্গনার বাংলোর একটি অংশ ভেঙে ফেলা হয়। শিবসেনার নাম না করেই কঙ্গনা আদালতে অভিযোগ করেন, মহারাষ্ট্রের ক্ষমতায় থাকা রাজনৈতিক দলটিই বিএমসিরও শাসক দল। তাই মহারাষ্ট্র সরকারের বিরুদ্ধে তাঁর মন্তব্যের প্রতিশোধ নিতে বিএমসি তাঁর বাংলো ভেঙেছে। শুক্রবার হাই কোর্টের ২ বিচারপতির এস জে কাঠাওয়ালা ও আর আই চাগলার বেঞ্চ বলে, 'দেশের নাগরিকের অধিকারের বিরুদ্ধে ভুল নীতি অবলম্বন করে পদক্ষেপ করেছে বিএমসি। যা আইনের চোখে সম্পূর্ণ বিদ্বেষমূলক পদক্ষেপ।' হাই কোর্ট এদিন নির্দেশে ২০২১'এর মার্চ মাসের মধ্যে ক্ষয়ক্ষতির পরিমাণ বিচার করে অভিনেত্রীকে ক্ষতিপূরণের টাকা দিয়ে দেওয়ার কথা বলেছে। যদিও কঙ্গনার প্রতি আদালতের পরামর্শ, তিনি যেন এধরণের মন্তব্যের ক্ষেত্রে সতর্ক ও সংযমী হন। অন্যদিকে, শিবসেনা মুখপাত্র সঞ্জয় রাউতকে বম্বে হাই কোর্ট জানিয়েছে, তিনি যে মন্তব্য করেছেন তা তাঁর মতো রাজনীতিবিদের মুখে শোভা পায় না। কঙ্গনা এমন রায়ের পরই টুইটে উদ্ধব ঠাকরে সরকারকে কটাক্ষ করে লেখেন, 'আপনারা ভিলেন হয়েছেন বলেই আমি হিরো হতে পেরেছি।' —পিটিআই

ফের ভাঙল মিগ বাঁচলেন পাইলট নিখোঁজ সহকারী

মুম্বই: প্রশিক্ষণ চলার সময় আরব সাগরে ভেঙে পড়ল ভারতীয় নৌবাহিনীর মিগ-২৯ যুদ্ধবিমান। উদ্ধার করা হয়েছে বিমানের চালক। তবে নিখোঁজ বিমানের সহকারী চালক। তাঁর সন্ধানে তল্লাশি অভিযান শুরু হয়েছে বলে জানিয়েছে নৌবাহিনী। বৃহস্পতিবার বিকেল ৫টা নাগাদ আরব সাগরে ভেঙে পড়ে মিগ-২৯ বিমানটি। শুক্রবার নৌবাহিনীর তরফে দুর্ঘটনার সত্যতা স্বীকার করা হয়েছে। এই ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছে বাহিনী। নৌবাহিনী সূত্রে খবর, বৃহস্পতিবার বিকেলে আইএনএস যুদ্ধজাহাজ বিক্রমাদিত্য থেকে ওড়ে মিগ-২৯ যুদ্ধবিমানটি। কিছুক্ষণের মধ্যে সেটি আরব সাগরে ভেঙে পড়ে। সম্প্রতি যুদ্ধবিমানটি মালাবার উপকূলে ৪ দেশীয় নৌ মহড়ায় অংশ নিয়েছিল। সম্প্রতি এই নিয়ে ৪ বার দুর্ঘটনার কবলে পড়ল মিগ-২৯ যুদ্ধবিমান। ফেব্রুয়ারিতে প্রশিক্ষণের সময় গোয়ায় ভেঙে পড়েছিল মিগ বিমান। সেবার অল্পের জন্য প্রাণে বাঁচেন বিমান চালক। —পিটিআই

রাজৌরিতে পাক সেনার ছোড়া মর্টার-গুলিতে শহিদ ২ সেনা জওয়ান

শ্রীনগর: সংঘর্ষ বিরতি চুক্তি লঙ্ঘন করে ফের কাশ্মীর সীমান্তে হামলা চালাল পাক সেনা। শুক্রবার সকালে রাজৌরি জেলার সুন্দরবনি সেক্টরে পাক সেনার ছোড়া গুলি ও মর্টার হামলায় শহিদ হয়েছেন নায়েক প্রেমবাহাদুর খাতরি আর রাইফেলম্যান সুখবীর সিং নামে ২ সেনা জওয়ান। এই নিয়ে পাক সেনার হামলায় গত ২ দিনে ৫ জনের মৃত্যু হল।

সেনাবাহিনীর মুখপাত্র এদিন বলেন, 'বিনা প্ররোচনায় এদিন নিয়ন্ত্রণ রেখার ওপার থেকে গুলি চালাতে শুরু করে পাক সেনাবাহিনী। আমরাও যোগ্য জবাব দিই। গুলি বর্ষণের ঘটনায় গুরুতর জখম হন নায়েক প্রেমবাহাদুর খাতরি আর রাইফেলম্যান সুখবীর সিং। পরে হাসপাতালে মৃত্যু হয় দু'জনের।'

বৃহস্পতিবার নিয়ন্ত্রণরেখা বরাবর পুঞ্চ জেলার কিরনি আর কাসবা সেক্টরে পাক সেনার ছোড়া গুলিতে শহিদ হন সুবেদার স্বতন্ত্র সিং। জখম হন এক সাধারণ নাগরিক। পাক সেনার ছোড়া গুলিতে গুরুতর জখম হন উত্তরাখণ্ডের পাউরি গাড়োয়ালের বাসিন্দা স্বতন্ত্র সিং। তাঁকে সেনা হাসপাতালে নিয়ে যাওয়া হয়, পরে সেখানেই মৃত্যু হয় তাঁর। বৃহস্পতিবার শ্রীনগরের কাছে খুশিপোরায় সেনাবাহিনীর কুইক রিয়্যাকশন টিমের ওপর জঙ্গি হামলার ঘটনায় ২ জন জওয়ান শহিদ হন। —পিটিআই

DAINHAT MUNICIPALITY
PO:- DAINHAT,
DIST:- PURBABURDWAN
For Details of floated tender for the against the Development work under
N I T 152 D.M/ENGG Date-27/11/2020,
NIT153 D.M/ENGG Date-27/11/2020,
NIT154 D.M/ENGG Date-27/11/2020,
NIT155 D.M/ENGG Date-27/11/2020,
NIT156 D.M/ENGG Date-27/11/2020,
NIT157 D.M/ENGG Date-27/11/2020,
NIT158 D.M/ENGG Date-27/11/2020,
NIT159 D.M/ENGG Date-27/11/2020,
NIT160 D.M/ENGG Date-27/11/2020,
NIT161 D.M/ENGG Date-27/11/2020,
NIT162 D.M/ENGG Date-27/11/2020,
NIT163 D.M/ENGG Date-27/11/2020,
NIT164 D.M/ENGG Date-27/11/2020,
NIT165 D.M/ENGG Date-27/11/2020,
NIT166 D.M/ENGG Date-27/11/2020,
NIT167 D.M/ENGG Date-27/11/2020,
NIT168 D.M/ENGG Date-27/11/2020,
NIT169 D.M/ENGG Date-27/11/2020,
NIT170 D.M/ENGG Date-27/11/2020,
NIT171 D.M/ENGG Date-27/11/2020,
NIT172 D.M/ENGG Date-27/11/2020,
NIT173 D.M/ENGG Date-27/11/2020,
NIT174 D.M/ENGG Date-27/11/2020.
For Details Visit: https://dainhatmunicipality.org. Office ph no. 03453-244228, 377.
Sd/- Chairperson,
Board of Administrators'
Dainhat Municipality

Office of the Pradhan
GIDHAGRAM GRAM PANCHAYAT (KATWA-I DEV. BLOCK) DIST-PURBA BARDHAMAN
ABRIDGED e-TENDER NOTICE
Sealed percentage rate e-tender has been invited by the undersigned for supply of materials and works (e-TENDER No. WB/BWN/KAT-I/GGP/2020-21/004 (2nd Call), dated 26.11.2020 of 01 (one) no of work under 14th FC 2020-21. Tender ID - 2020_ZPHD_306468_1 and (e-TENDER No. WB/BWN/KAT-I/GGP/2020-21/005 (2nd Call), dated 26.11.2020 of 02 (Two) no of work under MGNREGS 2020-21. Tender ID - 2020_ZPHD_306633_1, 2020_ZPHD_306633_2. Documents download start date (online) 01.12.2020 at 11.00 IST, Bid proposal submission end date (online) 15.12.2020 upto 18.00 IST. Any details can be obtained from G.P. Office.
Sd/-
Pradhan
Gidhagram Gram Panchayat
Memo No. GGP/560/2020, Dated 26.11.2020 and
Memo No. GGP/561/2020, Dated 26.11.2020

দেখতে আজ

⇐ ১ পাতার পর

সেখানে থাকার কথা তাঁর। শনিবার বিকেলে পুনে থেকে বায়ুসেনার বিশেষ বিমানে চেপে হায়দরাবাদের হাকিমপেট বায়ুসেনা ঘাঁটিতে নামবেন মোদী। সেখান থেকে যাবেন জেনোম ভ্যালিতে। সন্ধ্যাতেই হায়দরাবাদ থেকে দিল্লি ফিরবেন প্রধানমন্ত্রী। একথা জানিয়েছেন তেলেঙ্গানার মুখ্য সচিব। আইসিএমআর ও ভারত বায়োটেকের তৈরি করোনার প্রতিষেধক 'কোভ্যাকসিন'-এর এখন তৃতীয় পর্যায়ের পরীক্ষার কাজ চলছে। বৃহস্পতিবার থেকে নয়াদিল্লির এইমস হাসপাতালে পরীক্ষা শুরু হয়েছে।

মান্নানের খোঁজ

⇐ ১ পাতার পর

আপাতত দু'জনে একেবারেই বিপরীত মেরুতে। বিরোধী দলনেতা হিসাবে মান্নান মুখ্যমন্ত্রীকে প্রায়ই সমালোচনামূলক চিঠি লিখে থাকেন। এমনকী, বৃহস্পতিবারও তিনি মুখ্যমন্ত্রীর সমালোচনা করে বিবৃতি দিয়েছেন। তার পরেও অবশ্য রাজনৈতিক মতানৈক্য সরিয়ে রেখে মুখ্যমন্ত্রী বিরোধী দলনেতাকে ফোন করেছেন। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এর মধ্যে রাজনীতির কিছু নেই, মমতা বরাবরই তাঁর রাজনৈতিক প্রতিপক্ষের সঙ্গে ব্যক্তিগত পর্যায়ে সুসম্পর্ক বজায় রেখে চলেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যর অসুস্থতার খবর পেয়ে তাঁকে নিজে দেখতে গিয়েছিলেন মমতা। ফোনেও প্রায়শই মুখ্যমন্ত্রীর স্ত্রী মীরা ভট্টাচার্যর কাছ থেকে বুদ্ধদেবের শরীরের খোঁজ নেন মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, আইনজীবী তথা রাজ্যসভার সিপিআই(এম) সাংসদ বিকাশ ভট্টাচার্যেরও করোনা হয়েছে। তিনি অবশ্য বাড়িতেই আইসোলেশনে রয়েছেন।

ধাপে ধাপে

⇐ ১ পাতার পর

শুভেন্দু অধিকারী তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আসলে চূড়ান্তবার্তা দিয়ে নিজের দাবি আরো জোরালো করলেন। কেননা, এখন পর্যন্ত শুভেন্দু অধিকারী তৃণমূলের বিরুদ্ধে কিংবা মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে একটিও কথা বলেননি। তৃণমূল থেকে নিজেকে সরিয়ে নেওয়ার পুরো প্রক্রিয়াটাই তিনি করছেন ধাপে ধাপে। একটির পর একটি পদক্ষেপ করে। তাছাড়া, তৃণমূলের সৌগত রায় কিংবা সুদীপ বন্দ্যোপাধ্যায়, সুখেন্দুশেখর রায়ের মতো নেতারা কিন্তু এখনো শুভেন্দু অধিকারীকে ধরে রাখারই পক্ষপাতি। তবে তৃণমূল সূত্রে খবর, যাঁকে বা যাঁদের কাজের ধরন নিয়ে শুভেন্দুর আপত্তি সেই অভিষেক বন্দ্যোপাধ্যায় কিংবা ভোটকুশলী প্রশান্ত কিশোর কি অধিকারী পরিবারের দাবি মানবে? যদিও শুভেন্দুর বাবা শিশির অধিকারী ছেলের মন্ত্রিত্ব থেকে পদত্যাগের পরেও মন্তব্য করেছেন, 'আমি মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গেই রয়েছি।' এই পরিস্থিতি বাবার সঙ্গে বিরোধ করে শুভেন্দু অধিকারী কি পদ্ম হাতে নেবেন, এখন সেটাই সবথেকে বড়ো প্রশ্ন।

পিছু হটল কেন্দ্র সরকার

⇐ ১ পাতার পর

শেষমেষ ঠিক হয় কৃষকদের পুলিশি নিয়ন্ত্রণে রাজধানীতে নিয়ে এসে আসা হবে। যদিও সরকারের এমন রণকৌশল ঠিক বুঝে ফেলেছেন কংগ্রেসের নেতারা। এদিন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং তাই প্রশ্ন তুলেছেন, 'কৃষকদের সঙ্গে সরকার যখন আলোচনাই করবে তাহলে ৩ ডিসেম্বর পর্যন্ত অপেক্ষা করার প্রয়োজন কী। সরকার আজ-কালের মধ্যেই জানাক, নতুন কৃষি আইন ফিরিয়ে নেবে কি না।'

কেন্দ্রের নতুন কৃষি আইন নিয়ে কৃষকরা যে এবার একটা হেস্তনেস্ত করার মানসিকতা নিয়ে দিল্লিতে এসেছেন তা পথে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি করে বুঝিয়ে দিয়েছেন বিভিন্ন কৃষক সংগঠনের নেতারা। বৃহস্পতিবার হারিয়ানা পুলিশের সঙ্গে একপ্রস্ত ঝামেলার পর সারারাত এমনকী সকালেও দিল্লি উত্তর প্রদেশ, দিল্লি পঞ্জাব ও দিল্লি হরিয়ানা সীমান্তের বেশ কিছু জায়গায় বিক্ষিপ্ত সংঘর্ষে জড়িয়ে পড়তে দেখা যায় রাজধানীমুখী কৃষকদের। দিল্লি সীমান্তের সিংঘু বলে একটি জায়গায় রাতে কৃষকরা জোর করে এগোনোর চেষ্টা করলে পুলিশ কাঁদুনে গ্যাস ছোড়ার পাশাপাশি জল কামান ও লাঠিচার্জ করে। তাতে বেশ কিছু কৃষক জখম হন। যদিও সেই জখমদের হাসপাতালে নিয়ে যাওয়ার ব্যবস্থা করে পুলিশই। দিল্লি-হারিয়ানা সীমান্তে রাস্তার মাঝে বেশ কয়েকটি বালির বস্তা বোঝাই ট্রাক দাঁড় করিয়ে পুলিশ কৃষকদের পথ আটকানোর চেষ্টা করে। মাইকে পুলিশের তরফে একথাও ঘোষণা করা হয়, 'করোনা বিধি ভেঙে আপনারা দিল্লিতে ঢুকতে পারেন না। এতে দিল্লির মানুষের পাশাপাশি আপনাদেরও জীবনের ঝুঁকি রয়েছে।' কিন্তু কে শোনে কার কথা! পুলিশের কথা অমান্য করেই ট্রাক্টর বোঝাই রসদ আর নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র দিয়ে রাজধানীর পথে এগোতে দেখা যায় কৃষকদের।

পূর্ব রেলওয়ে
ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং : ওপি/এসডিএইচ/ওটি/২০-০০৮, তারিখ : ০৪.০১.২০২১। সিনিয়র ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/ওপি/এসডিএইচ, ২য় তল, কন্ট্রোল বিল্ডিং, শিয়ালদহ, পূর্ব রেলওয়ে, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন : টেন্ডার নং : ওপি/এসডিএইচ/ওটি/২০-০০৮। কাজের নাম : সিনিয়র ডিইই/ওপি/এসডিএইচ-এর অধীনে দুই বছর সময়সীমার জন্য বিএনজে রানিং রুমে পর্যাপ্ত সংখ্যায় কর্মী নিয়োগ দ্বারা বিএনজে রানিং রুমে রানিং কর্মী যেমন গার্ড এবং ড্রাইভারদের জন্য খাবার ব্যবস্থা, খাদ্য পরিবেশন করা (রানিং স্টাফ কর্তৃক রেশনের ব্যবস্থা করা হবে) এবং বাসনপত্র পরিষ্কার করা, রানিং স্টাফদের পরিষেবা দেওয়া, কলম্যান/রানিং রুম বিয়ারার হিসাবে কাজ করে বিছানা তৈরী করা এবং সম্পূর্ণ কাজের দেখাশোনা করা। টেন্ডার মূল্য : ১৫,৭৬,৯১৬.৮০ টাকা। বায়নামূল্য : ৩১,৫০০ টাকা। সম্পূর্ণ করার সময়সীমা : ২ বছর অর্থাৎ ৭৩০ দিন। বন্ধের তারিখ : ০৪.০১.২০২১ তারিখ দুপুর ৩টে। টেন্ডার বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ এবং সময়ে সময়ে ইস্যুকৃত সংশোধনী www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। SDAH-126/2020-21
পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আসানসোল জেলা হাসপাতালে

⇐ ১ পাতার পর

সন্ধ্যার দিকে রোগীর জ্ঞান ফেরে। শুক্রবার আসানসোল জেলা হাসপাতালে রোগী স্থিতিশীল রয়েছেন। পাশাপাশি রোগী নিজে থেকেই তাঁর দুটি পা ওঠা নামা করতে পারছেন।

রোগী চৈতালি বাউরি জানান, 'ডাঃ সমীরণ দে আমাকে নতুন জীবন দিয়েছেন।' অন্যদিকে ডাঃ সমীরণ দে জানান, 'রোগীর পরিবারের আর্থিক অবস্থা ভালো ছিল না। বেসরকারি ক্ষেত্রে এই ধরণের অস্ত্রোপচারের ক্ষেত্রে আড়াই থেকে ৩ লাখ টাকা খরচ হয়। তাছাড়া বাংলার কোনো জেলা হাসপাতালেই এতটা ঝুঁকির অস্ত্রোপচার হয় না। সাধারণত এসব ক্ষেত্রে মেডিক্যাল কলেজে পাঠানো হয়। তবে জেলা হাসপাতালের সুপার পুরোপুরি সহযোগিতার আশ্বাস দেওয়ায় পরই এই অস্ত্রোপচার করতে রাজি হয়ে যাই। এখন রোগী পুরোপুরি সুস্থ। ৮-১০ দিনের পর্যবেক্ষণ শেষে অস্ত্রোপচারের সেলাই কেটে রোগীকে ছেড়ে দেওয়া হবে। বাড়ি ফিরে রোগী প্রথম ১০ দিন ক্র্যাচে ভর দিয়ে হাঁটবেন। ১০ দিন পর থেকে ক্র্যাচ ছাড়াই হাঁটতে পারবেন। ৩মাসের মাথায় রোগী পুরো সুস্থ ও স্বাভাবিক জীবনযাপন করতে পারবেন।' জেলা হাসপাতালের সুপার নিখিলচন্দ্র দাস জানান, 'এতদিন এই ধরণের অস্ত্রোপচার বর্ধমান মেডিক্যাল কলেজ বা কলকাতায় পাঠানো হত। তবে ডাঃ সমীরণ দে'র মানসিক আস্থা দেখে জেলা হাসপাতালেই এই ধরণের অস্ত্রোপচারে রাজি হই।'

ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড
(CIN) : L28999WB1943PLC133247
রেজিস্টার্ড অফিস : ক্যাম্পাস ২বি, ইকোস্পেস বিজনেস পার্ক, ১১এফ/১২, রাজারহাট, কলকাতা - ৭০০১৬০, পশ্চিমবঙ্গ, ভারত
ফোন : +৯১-৩৩-৩০১৪ ১২১৬, ফ্যাক্স : +৯১-৩৩-৩০১৪ ২৬১৬, ই-মেল : mse.corp@mbecl.co.in, ওয়েবসাইট : http://www.mcnallysayaji.com

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত কার্যকলাপ সম্পাদনের জন্য মেসার্স ম্যাকনালি সায়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড (কোম্পানি)-এর ৭৬ তম বার্ষিক সাধারণ সভা ভিডিও কনফারেন্সিং / অন্যান্য অডিও-ভিজুয়াল মাধ্যম (ভিসি/ওএভিএম) এর মাধ্যমে সোমবার ২১ ডিসেম্বর ২০২০ বেলা ১১টায় অনুষ্ঠিত হবে।

করোনা অতিমারির কারণে কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ) দ্বারা জারি ৫ মে ২০২০ তারিখে সার্কুলার সহ ০৮.০৪.২০২০ ও ১৩.০৪.২০২০ তারিখের সার্কুলার (এখানে একত্রে এমসিএ সার্কুলার বলে উল্লেখ করা হচ্ছে) অনুযায়ী এবং ১২ মে ২০২০ তারিখের সেবি দ্বারা জারি করা সার্কুলার অনুযায়ী কোম্পানীর সদস্যরা সরাসরি একটি স্থানে মিলিত না হয়ে ভিডিও কনফারেন্সিং / অন্যান্য অডিও-ভিজুয়াল মাধ্যম (ভিসি/ওএভিএম) এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে পারবেন। তদনুসারে, কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর প্রভিশন, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (লিস্টিং রেগুলেশনস) এবং এমসিএ সার্কুলার অনুযায়ী ভিসি / ওএভিএম-এর মাধ্যমে কোম্পানীর সভা অনুষ্ঠিত হবে।

এজিএম-এর বিজ্ঞপ্তি সহ ২০১৯-২০ বর্ষের রিপোর্ট বৈদ্যুতিন মাধ্যমে কোম্পানী বা ডিপোজিটরি বা রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ মহেশ্বরী ডেটামেটিক্স লিমিটেড-এর কাছে সদস্যদের নথিভুক্ত ই-মেল আইডিতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ৯১ অনুযায়ী শেয়ার ট্রান্সফার বুক ও রেজিস্টার অফ মেম্বার্স ১৫ ডিসেম্বর ২০২০ থেকে ২১ ডিসেম্বর ২০২০ (দুটি তারিখই অন্তর্ভুক্ত) পর্যন্ত বন্ধ থাকবে।

১৮ নভেম্বর ২০২০ তারিখে কোম্পানী যে বিজ্ঞপ্তি জারি করেছে তা "ফিনান্সিয়াল এক্সপ্রেস" ও "সুখবর" পত্রিকায় ১৯ নভেম্বর ২০২০ তারিখে প্রকাশিত হয়েছে এবং সদস্যদের এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মনোযোগ সহকারে দেখার অনুরোধ করা হচ্ছে।

কোম্পানীজ এ্যাক্ট ২০১৩-এর সেকশন ১০৮ ও এই ধারার অধীন অন্যান্য প্রযোজ্য নিয়মানুযায়ী এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস ২০১৫ অনুযায়ী কোম্পানী ৭৬তম এজিএম-এর বিজ্ঞপ্তিতে প্রস্তাবিত সমস্ত কার্যকলাপের বিষয়ে মতামত জানাতে সদস্যদের বৈদ্যুতিন মাধ্যমে ভোট দেওয়ার সুবিধা দিচ্ছে ও এই পরিষেবা কোম্পানীকে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) দেবে। বিজ্ঞপ্তিতে প্রস্তাবিত সমস্ত কার্যকলাপ ই-ভোটিং-এর মাধ্যমে সম্পন্ন হবে। কাট-অফ তারিখ ১৪ ডিসেম্বর ২০২০ এর হিসাবে ফিজিক্যাল বা ডিমাটেরিয়ালাইজড মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যরা রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে বা এজিএম-এর সময় ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন। রিমোট ই-ভোটিং শুরু হবে বৃহস্পতিবার ১৭ ডিসেম্বর ২০২০ সকাল ৯টায় ও শেষ হবে ২০ ডিসেম্বর ২০২০ বিকাল ৫টায়। রিমোট ই-ভোটিং উক্ত সময়ের পর আর চালু থাকবে না।

কোনো ব্যক্তি যিনি ৭৬তম এজিএম-এর বিজ্ঞপ্তি পাঠানোর পর সদস্য হয়েছেন ও কাট-অফ তারিখ ১৪ ডিসেম্বর ২০২০ এর হিসাবে কোম্পানীর শেয়ারের অধিকারী তিনি ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য কোম্পানীর রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্টের কাছে ই-মেল করবেন এই ই-মেল আইডিতে : mdpldc@yahoo.com রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে যে সব সদস্য এজিএম-এর আগেই ভোট দিয়ে দেবেন তিনি ভিসি / ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে পারবেন কিন্তু ভোট দিতে পারবেন না। ভিসি / ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশ গ্রহণকারী সদস্য যারা আগে রিমোট ই-ভোটিং করেননি তারা এজিএম-এর সময় ই-ভোটিং-এর মাধ্যমে মতামত জানাতে পারবেন। এজিএম-এর সময় ই-ভোটিং-এর এবং রিমোট ই-ভোটিং-এর বিশদ নির্দেশাবলী বিজ্ঞপ্তি ও বার্ষিক রিপোর্টে দেওয়া আছে।

সদস্যরা মনে রাখবেন যে, বিজ্ঞপ্তি ও ২০১৯-২০ বর্ষের আর্থিক রিপোর্ট কোম্পানীর ওয়েবসাইট www.mcnallysayaji.com ও স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ মেট্রোপলিটন স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট www.msei.in এবং সিডিএসএল-এর ওয়েবসাইট www.evotingindia.com-এ পাওয়া যাবে। যদি আপনার ই-ভোটিং সংক্রান্ত কোনো রকম জিজ্ঞাসা বা সমস্যা থেকে থাকে, তবে আপনি www.evotingindia.com-এর হেল্প সেকশন-এ উপলব্ধ ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চনস ('এফ এ কিউ') বা ই-ভোটিং ইউজার ম্যানুয়েলের সাহায্য নিতে পারেন অথবা ই-মেল করতে পারেন helpdesk.evoting@cdslindia.com বা যোগাযোগ করতে পারেন রাকেশ দলভি, ম্যানেজার (সিডিএসএল), সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডএ উইং, ২৫তল, ম্যারাথন ফিউচুরেক্স, মফতলাল মিল কমপাউন্ডস, এনএম জোশি মার্গ, লোয়ার প্যারেল (ইস্ট), মুম্বই - ৪০০ ০১৩ বা ফোন করতে পারেন ১৮০০ ২২ ৫৫৩৩।

ম্যাকনালি সায়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা
সৈকত ঘোষ
তারিখ : ২৭.১১.২০২০
কোম্পানী সচিব